হেরোইন মামলায় পরোয়ানাভুক্ত হিন্দার বাদশা আলমগীর গ্রেফতার

হেরোইন মামলায় আদালতের পরোয়ানাভুক্ত আসামী বাদশা আলমগীরকে (৪০) গ্রেফতার করেছে গাংনীর ভবানীপুর পুলিশ ক্যাম্প। বাদশা আলমগীর গাংনী উপজেলার হিন্দা গ্রামের হাজী আবুবক্কর সিদ্দিকের ছেলে।

বৃহস্পতিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিত্বে হিন্দা গ্রামে বাদশা আলমগীরের বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তার নামে হেরোইন বিক্রির অভিযোগে দায়ের করা মামলার নং জিআর ১৬১/১৬ ইং।

ভবানীপুর ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) জহির রায়হান জানান, হেরোইন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামী বাদশা আলমগীর বাড়িতে অবস্থান করছে এমন সংবাদের ভিত্ত্বিতে অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়। আজ শুক্রবার গ্রেফতারকৃত আসামীকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেলা হাজতে প্রেরণ করা হবে।

জেলা প্রশাসক ও পুলিশ সুপার নির্বাচন নিয়ে কঠোর হুসিয়ারী

আসন্ন ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের সাথে নির্বাচনি আচরণ বিধি প্রতিপালন ও আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসনের আয়োজনে বৃহস্পতিবার সকালে কোটচাঁদপুর উপজেলা পরিষদ মিলনায়তনে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক মোঃ মজিবর রহমান।

সভাপতিত্বে করেন উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেন, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পুলিশ সুপার মোঃ মুনতাসিরুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার মোহাঃ আবু ছালেক জেলা,

মডেল থানার ওসি (তদন্ত) ইমরান আলম প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা নির্বাচন আচরণ বিধিসহ বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য তুলে ধরে মতবিনিময় করেন। জেলা প্রশাসক ও পুলিশ সুপার নির্বাচন নিয়ে কঠোর হুসিয়ারী দিয়ে বলেন, নির্বাচনে প্রকাশ্যে সিল মারার দিন শেষ। ভোট কেন্দ্রে কোন ঝামেলা করা হলে সে যেই হোক পার পাবে না।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা অ্যাড. আব্দুর রশীদ কে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মেহেরপুর সদর উপজেলার ঝাউবাড়িয়া গ্রামের বীর মুক্তিযোদ্ধা অ্যাড. আব্দুর রশীদ এর লাশ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়েছে। গত বুধবার বিকেল সাড়ে ৪টার দিকে তিনি তার বাসভবনে ইন্তেকাল করেন। তিনি দীর্ঘদিন ধরে হার্টের অসুখে ভুগছিলেন।

বৃহস্পতিবার সকাল ১০টার সময় ঝাওবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন এর উপস্থিতিতে একদল চৌকস পুলিশ

বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশীদ কে গার্ড অব অনার প্রদান করেন।

পরে জানাযার নামাজ শেষে ঝাওবাড়িয়া কবর স্থানে তার লাশ দাফন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশীদ ঝাওবাড়িয়া গ্রামের মৃত মোজাম্মেল হোসেনের ছেলে। তিনি ১৯৭৩-৮৯ সাল পর্যন্ত সেনাবাহিনীতে (এসিসি কোর) সার্জেন্ট পদে চাকুরীরত ছিলেন। সে হিসেবে যশোর আর্মি ক্যান্টনমেন্ট সেনাকুঞ্জ থেকে ১১ সদস্যের একটি দল তাকে গার্ড অব অনার প্রদান করেন।

বীর মুক্তিযোদ্ধা আব্দুর রশিদ এর গার্ড অফ অনার প্রদানে

উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আইনজীবী সমিতির সভাপতি অ্যাড. মিয়াজান আলী, সাধারণ সম্পাদক অ্যাড. ফরিদ হোসেন, মুক্তিযোদ্ধা কমান্ডার আবুল কাশেম, ফ্রেন্ডস ফাউন্ডেশনের সভাপতি এ এল এম জিয়াউল হক, অ্যাড. মারুফ আহমেদ বিজন, মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি মোজাম্মেল আযম, শামীম জাহাঙ্গীর সেন্টু প্রমূখ।

করোনায় আরও ৫ জনের মৃত্যু, শনাক্ত ২৪৪

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৫ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে ২৭ হাজার ৯৩৯ জন এই ভাইরাসটিতে প্রাণ হারিয়েছেন। বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনাবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় আরও ২৪৪ জনের শরীরে করোনাভাইরাসের সংক্রমণ ধরা পড়েছে। নতুন রোগীদের নিয়ে দেশে এ পর্যন্ত শনাক্ত কোভিড রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৫ লাখ ৭৩ হাজার ৪৫৮ জনে।

গত ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ২৯৪ জন। এ নিয়ে করোনা থেকে সেরে উঠলেন ১৫ লাখ ৩৭ হাজার ৫১৮ জন।

দেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল গত বছরের ৮ মার্চ। প্রথম রোগী শনাক্তের ১০ দিন পর গত বছরের ১৮ মার্চ দেশে প্রথম মৃত্যুর তথ্য নিশ্চিত করে স্বাস্থ্য অধিদপ্তর। সেই বছর সর্বোচ্চ মৃত্যু হয়েছিল ৬৪ জনের।

ডেল্টা ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়ায় চলতি বছর জুন থেকে রোগীর সংখ্যা হু-হু করে বাড়তে থাকে। ২৮ জুলাই একদিনে সর্বোচ্চ ১৬ হাজার ২৩০ জনের করোনা শনাক্ত হয়েছিল।

চলতি বছরের গত ৭ জুলাই প্রথমবারের মতো দেশে করোনায় মৃতের সংখ্যা ২০০ ছাড়িয়ে যায়। এর মধ্যে ৫ ও ১০ আগস্ট ২৬৪ জন করে মৃত্যু

হয়, যা মহামারির মধ্যে একদিনে সর্বোচ্চ মৃত্যু।

বেশকিছু দিন ২ শতাধিক মৃত্যু হয়। এরপর গত ১৩ আগস্ট মৃত্যুর সংখ্যা ২০০ এর নিচে নামা শুরু করে। দীর্ঘদিন শতাধিক থাকার পর গত ২৮ আগস্ট মৃত্যু ১০০ এর নিচে নেমে আসে।

সূত্র-যুগান্তর

রাস্তার অভাবে ২৮ বছর ধরে ভোগান্তিতে হরিণাকুণ্ডু’র স্কুলের শিক্ষার্থীরা

স্কুল প্রতিষ্ঠার ২৮ বছর পার হয়ে গেলেও ১কি.মি পাঁকা রাস্তার অভাবে ভোগান্তিতে আছে হরিণাকুণ্ডু উপজেলার ফলসী মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা। উপজেলার শিংগা গ্রাম থেকে পার্শ্ববর্তী ফলসী গ্রামে অবস্থিত মাধ্যমিক বিদ্যালয়ে যাওয়ার একমাত্র রাস্তাটি চলাচলের একেবারেই অনুপযোগী হয়ে পড়েছে। রাস্তাটির দৈর্ঘ ১কি.মি হলেও নির্মানের অভাবে রাস্তাটি সেই কাঁচাই রয়ে গেছে। ফলসী মাধ্যমিক বিদ্যালয়ের অধিকাংশ ছাত্রছাত্রী শিংগা গ্রামের এবং তাদের একমাত্র রাস্তাটির বেহাল অবস্থা। সভাপতি হয় আর প্রতিশ্রুতি দেয় কিন্তু সেদিকে নজর দেয়নি কেউই।

১৯৯৩ সালে স্কুল প্রতিষ্ঠার পর থেকেই শিংগা গ্রামের ছাত্রছাত্রীরা শুকনো মৌসুমে কাঁচা রাস্তায় পায়ে হেঁটে যাতায়াত করলেও, বর্ষা মৌসুমে পড়তে হয় নিদারুণ দুর্ভোগে। বছরের ৬ মাস হাঁটু কাঁদায় রাস্তাটি হয়ে পড়ে চলাচলের একেবারেই অনুপযোগী। বিভিন্ন সময়ে ছাত্রছাত্রী, শিক্ষক ও অভিভাবকরা রাস্তা উন্নয়নের জন্য ইউপি চেয়ারম্যান এমপিসহ বিভিন্ন মহলে ধর্না দিলেও কোন ফল পায়নি। ব্যাপারে শিংগা গ্রামবাসীরা অভিযোগ করে বলেন, ইউনিয়নের

বর্তমান চেয়ারম্যান এবং স্কুলের ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি ফজলুর রহমানের কাছে রাস্তা উন্নয়নের জন্য একাধিকবার আর্জি জানালেও তাতে সাড়া মেলেনি।

এ বিষয়ে ফলসী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রবিউল ইসলাম ও ধর্মীয় শিক্ষক মাওঃ আমজাদ হোসেন বলেন, প্রতিষ্ঠানের এক তৃতীয়াংশ শিক্ষার্থী পার্শ্ববর্তী শিংগা গ্রামের যাদের আসা-যাওয়ার একমাত্র রাস্তাটি পাঁকা করা খুব জরুরী। অন্যথায় দিন দিন ঝরে পড়া শিক্ষার্থীর সংখ্যা বাড়বে বলেও তারা আশঙ্কা করেন।

এছাড়া, এলাকার সাধারণ মানুষের ধারণা, সরকার শিক্ষা ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে বিশেষ গুরুত্ব দিলেও, স্থানীয় রাজনৈতিক নেতাদের গ্রুপিং, লবিং, দুর্নীতি ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয়ের উদাসীনতার কারণে এতদিনেও রাস্তাটি আইডি ভুক্ত না হওয়ায় উন্নয়ন হয়নি। এবিষয়ে উপজেলা প্রকৌশল নাফিস তানজিম বলেন এই রাস্তাটির কোন আইডি নাই তাই রাস্তাটি এলজিইডি নির্মাণ করতে পারছেনা।

এব্যপারে ফলসী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও স্কুল ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি ফজলুর রহমানের মুঠো ফোনে বার বার চেষ্টা করা হলেও তাকে পাওয়া যায়নি। বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও এলাকাবসীর প্রাণের দাবী তাদের দূর্ভোগ কমাতে রাস্তাটি দ্রুত পাঁকা করা হোক।

মেহেরপুর জেনারেল হাসপাতালে ৬ দালাল আটক জরিমানা আদায়

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে ৬ দালালকে আটক করার পর ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাদের নিকট থেকে জরিমানা আদায় করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়। সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। সাজাপ্রাপ্তরা হলো মেহেরপুর সদর উপজেলার মদনাডাঙ্গা গ্রামের মাসুদ আলীর ছেলে,
আব্দুল্লাহ

মেহেরপুর শহরের চক্র পাড়ার মারুফ হোসেনের ছেলে সানোয়ার হোসেন, সদর উপজেলার কামদেবপুর গ্রামের হযরত আলীর ছেলে আব্দুস শহীদ, বন্দর গ্রামের আলতাফ হোসেনের ছেলে মোনায়েম, মেহেরপুরের দিঘীরপাড়া গ্রামের আজগর আলীর ছেলে সেলিম এবং একই গ্রামের আব্দুর রহিমের ছেলে সজীব

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম জানান মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সকল ধরনের চিকিৎসার সুব্যবস্থা থাকলেও এসমস্ত দালালরা রোগীদের কাছ থেকে ব্যবস্থাপত্র নিয়ে তাদের নিজ নিজ ল্যাবে গিয়ে পরীক্ষা করে বিপুল পরিমাণ অর্থ হাতিয়ে নেয়। এমন খবরের ভিত্তিতে মেহেরপুর ডিবি ওসি জুলফিকার আলীর নেতৃত্বে দালালির অভিযোগে আব্দুল্লাহ, সানোয়ার হোসেন, আব্দুস শহীদ, মোনায়েম, সেলিম এবং সজীবকে আটক করে পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে দন্ডবিধির ২৯১ ধারায়

আব্দুল্লাহ ৫শ টাকা , সানোয়ার হোসেন, আব্দুস শহীদের, মোনায়েম, সেলিম এবং সজীবের নিকট থেকে ২ হাজার টাকা করে মোট ১০ হাজার ৫শ টাকা জরিমানা আদায় করা হয়।

গাংনীর লক্ষিনারায়নপুর ধলা গ্রামের চাঞ্চল্যকর জোড়া খুন মামলার এজাহারভুক্ত ৭ আসামী গ্রেফতার

গাংনীর লক্ষিনারায়নপুর ধলা গ্রামের চাঞ্চল্যকর জোড়া খুন মামলার এজাহারভুক্ত তিন নং আসামী জেলহাজ আলী (৫৫) কে গ্রেফতার করেছেন র্যাব-৬, গাংনী ক্যাম্পের একটি টীম।

এর আগে গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে ৬ জনকে গ্রেফতার করেছেন। এ নিয়ে চাঞ্চল্যকর এ জোড়া খুনের ঘটনায় এজাহার নামীয় ৭ জন আসামী গ্রেফতার হলেন। র্যাবের হাতের গ্রেফতার জেলহাজ (৫৫) লক্ষীনারায়ণপুর ধলা গ্রামের মৃত নজীমুদ্দীনের ছেলে। সে এই হত্যা মামলার এজাহার নামীয় ৩ নং আসামী।

বুধবার বেলা ১১ টার দিকে জেলহাজ আলীকে মেহেরপুর ২৫০ সহ্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল এলাকা থেকে গ্রেফতার করেন র্যাবের দলটি। বিকালে র্যাব-৬ ঝিনাইদহ সিপিটু ক্যাম্প থেকে সাংবাদিকদের ছবি ও তথ্য সরবরাহ করে এর সত্যতা নিশ্চিত করেন।

র্যাব জানায়, ৮ নভেম্বর সকালের দিকে ভোট চেয়ে ফেরার পথে কাথুলি ইউনিয়নের ৭ নং ওয়ার্ড লক্ষিনারায়নপুর ধলা গ্রামের বর্তমান মেম্বর আজমাইন হোসেন টুটুলকে একই ওয়ার্ডের সাবেক মেম্বর, গাংনী উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক আতিয়ার রহমানের নেতৃত্বে তার ক্যাডার বাহিনী ধারালো অস্ত্রের মুখে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। এসময় তার দুই ভাই সাহাদুল ইসলাম ও জাহারুল ইসলাম তাদের কাছ থেকে উদ্ধার করে ফেরার পথে আতিয়ার রহমানসহ তার ক্যাডার বাহিনীর লোকজন ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে। এছাড়া তাদের হামলায় নারীসহ অন্তত আরও ১০ জন মারাত্বক জখম হন।

এ জোড়া খুনের ঘটনায় নিহতের ভাই বেল্টু মিয়া বাদী হয়ে মঙ্গলবার (৯ নভেম্বর) দিবাগত রাতে কৃষকলীগের সাধারণ সম্পাদক ও সাবেক মেম্বর আতিয়ার রহমানসহ ৬৬ জনকে আসামি করে গাংনী থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। গাংনী থানার মামলা নং-০৯/২৬৭ তারিখ ০৯/১১/২০২১ ইং, ধারা- ১৪৩/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩২৬-ক/৩০৭/৩০২/৫০৬ /১১৪/৩৪ পেনাল কোড ১৮৬০। গ্রেফতারকৃত জেলহাজ ওই হত্যা মামলার এজাহারভূক্ত ৩ নং আসামী।

এদিকে গাংনী থানার তদন্ত অফিসার (ওসি তদন্ত)শাহ আলম জানান, জোড়া খুন মামলায় পুলিশ অভিযান চালিয়ে এজাহার নামীয় ৬ জন আসামীকে গ্রেফতার করেছ।

পুলিশের গ্রেফতারকৃতরা হলেন, প্রধান আসামী আতিয়ার রহমানের ভাই মামলার ২৩ নং আসামী সইফত আলীর ছেলে মহব্বত আলী, দিলু হোসেনের ছেলে নজরুল ইসলাম, আরজান আলীর ছেলে রাশিদুল ইসলাম, ও কাটু হোসেন, জারমান আলীর ছেলে হেলু ও লাবলু হোসেন।

এদিকে মামলার প্রধান আসামী আতিয়ার রহমান, কটা শহিদুল, মানাসহ

অন্যান্য আসামীরা আটক না হওয়ায় আতংকের মধ্যে দিন কাটাচ্ছেন নিহতদের পরিবারের লোকজন। মামলার তদন্ত কর্মকর্তা গাংনী থানার তদন্ত অফিসার শাহ আলম জানান, আসামীদের গ্রেফতার করতে পুলিশ সব্বোর্চ্ছ চেষ্টা চালাচ্ছে।

কোটচাঁদপুরে আ.লীগের ১৭ বিদ্রোহী প্রার্থী বহিষ্কার

ঝিনাইদহের কোটচাঁদপুর ইউপি নির্বাচনে নৌকার বিরুদ্ধে বিদ্রোহী প্রার্থী হওয়ার অভিযোগে উপজেলা আ.লীগের ৪ নেতা সহ সহযোগি সংগঠনের ১৭ জন নেতাকে বহিস্কার করা হয়েছে।

বুধবার সন্ধায় উপজেলা আ.লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি ও সাধারণ সম্পাদক শাহাজান আলী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে উপজেলার ৫টি ইউনিয়নে নৌকার বিরুদ্ধে দলীয় শৃঙ্খলা ভঙ্গ করে বিদ্রোহী চেয়ারম্যান প্রার্থী হওয়ার অভিযোগে আ.লীগের গঠনতন্ত্রের ৪৭ (ঠ) ধারা অনুযায়ী ১৭ জন নেতাকে বহিষ্কৃার করা হলো।

বহিষ্কৃত নেতারা হলেন, উপজেলা আ.লীগের শিক্ষা বিষয়ক সম্পাদক বদরুজ্জোহা লাবু, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মজনুর রহমান, ক্রীড়া বিষয়ক সম্পাদক আজিজুর রহমান মানিক ও সদস্য নজরুল ইসলাম নজু সহ সহযোগি সংগঠনের সাবদারপুর ইউনিয়নে তাফসিরুজ্জামান (তপন), হিরন খান। দোড়া ইউনিয়নে আব্দুল জলিল বিশ্বাস, আশরাফুল আলম, শামীম আরা হ্যাপী, জাকির হোসেন মিঠু। কুশনা ইউনিয়নে আতিয়ার রহমান, আব্দুর রশিদ, রওশন মালিথা, গোলাম কিবরিয়া বিপ্লব, বলুহর ইউনিয়নে শাহাজান আলী, রফিউদ্দিন মল্লিক ও শফিকুর রহমান। বহিষ্কৃত আ.লীগের এই ১৭ জন নেতাই দলীয় মনোনয়ন চেয়েছিলেন।

গাংনীতে যুবলীগ নেতা মজিরুলের ঠিকাদারী কাজ বন্ধ

মেহেরপুরের গাংনী উপজেলা যুবলীগের যুগ্ন সম্পাদক ও জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলামের ঠিকাদারী কাজ বন্ধ করেছে দিয়েছে উপজেলা প্রকৌশলী। রাস্তা নির্মানে নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগে বুধবার দুপুরে কাজ বন্ধ করে দেয়া হয়। এর আগে রাস্তায় নিম্নমানের সামগ্রী ব্যবহারের অভিযোগে মানববন্ধন করে এলাকাবাসি।

জানা গেছে, দুইকোটি ব্যায়ে গাড়াডোব-সাহারবাটি সড়কের ২৭শ’ মিটার রাস্তার কার্যাদেশ পায় গাংনী উপজেলা যুবলীগের যুগ্ন সম্পাদক ও জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলাম। রাস্তা নির্মানের শুরুতে (সাবগ্রেড প্রস্তুুত হওয়ার পর) নিম্নমানের বালি ও ইটের খোয়া ব্যবহার করে। নিম্নমানের ইট ও মাটি যুক্তবালি ব্যবহারের কারনে এলাকাবাসির তোপের মুখে পড়ে ঠিকাদার মজিরুল ইসলাম। এক পর্যায় ৩ নং ইট সরিয়ে নেয়। পরে আবারো নিম্নমামের ইট ব্যবহার করলে এলাকাবাসি ফুঁসে উঠে পরে মানববন্ধন করে প্রতিকার দাবি করেন।

সাহারবাটি গ্রামের ইদ্রীস আলী বলেন,রাস্তা নির্মানের শুরুতে নিম্নমামের ইটবালি ও খোয়া ব্যবহার করা হয়েছে। ঠিকাদার প্রভাবশালী হওয়ার কারনে তার বিরুদ্ধে কেউ মুখ খুলতে সাহস পাইনি। দিনের পর দিন কাজের মান খারাপ হলে কর্তৃপক্ষ ব্যবস্থা না নেওয়ায় এবার এলাকাবাসি ফুঁ◌েস উঠেছে।

স্থানীয় বাসিন্দা শ্যামল জানান,২/৩ নং ইট ও মাটিযুক্ত বালি দিয়ে কাজ করছিলো। প্রথমে কিছু ২ নম্বর ইট ফেরত নিলেও আবারো নিম্নমানের ইটবালি দিয়ে কাজ শুরু করেছে। এসব নিম্নমানের সামগ্রী দিয়ে রাস্তা নির্মান করা হলে রাস্তা টেকসই হবেনা।
সাহারবাটি গ্রামের গাজিউর রহমান জানান,গাংনী প্রকৌশল বিভাগ যথাযথ তদারকি না করার কারনে ঠিকাদার মজিরুল ইসলাম বারবার নিম্নমানের সামগ্রী ব্যবহার করছে।

স্থানীয়রা আরো জানান,ঠিকাদারী প্রতিষ্ঠান নিয়মনীতির তোয়াক্কা না করেই নিম্নমানের সামগ্রী ব্যবহার করার কারনে এলাকার মানুষ বাধ্য হয়েই মানববন্ধন করেছে। এবার প্রতিকার না পেলে বিক্ষোভ মিছিল ও গাংনী শহীদ মিনারে অনশন করা হবে। গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল হোসেন বলেন,নিম্নমানের ইটবালি দিয়ে রাস্তা নির্মান করা হচ্ছে বিষয়টি জানতে পেরে ঘটনাস্থলে এসে সত্যতা পাওয়া গেছে। একারনে কাজ বন্ধের নির্দেশ ও নিম্নমানের মালামাল অপসরানের জন্য চিঠি দেয়া হচ্ছে। ইতোপূর্বে ঠিকাদার মজিরুল ইসলাম অন্য একটি কাজে নিম্নমানের সাম্রগী ব্যবহার করার কারনে নানা



বিড়ম্বনায় পড়তে হয়েছিলো। তিনি আরো বলেন,রাস্তাটি তদারকির দায়িত্বে থাকা উপসহকারী প্রকৌশলী আলাউদ্দীন অসুস্থ থাকার কারনে ঠিকাদার নিম্নমানের সামগ্রী ব্যবহার করার সুযোগ পেয়েছে ঠিকাদার।

এ বিষয়ে জানতে গাংনী উপজেলা যুবলীগের যুগ্ন সম্পাদক ও জেলা পরিষদ সদস্য মজিরুল ইসলামের ব্যবহৃত মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও তিনি রিসিভ করেনি। মেহেরপুর এলজিইডির নির্বাহী প্রকৌশলী মো: আছাদুজ্জামান বলেন, বিষয়টি এখন পর্যন্ত কেউ অবগত করেনি। খোঁজ খবর নিয়ে ব্যবস্থা নেয়া হবে। তবে কোন ভাবেই নিম্নমানের সামগ্রী ব্যবহার করতে দেয়া হবেনা।

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতির ৬ষ্ঠ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

মুজিবনগরে সু-প্রতিবেশী মহিলা সমবায় সমিতি লিঃ এর ৬ষ্ঠ বার্ষিক সাধারণ সভা -২০২১ অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক সাধারণ সভা উপলক্ষে বুধবার বেলা সাড়ে ১১ টার সময় গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গনে এক অনুষ্ঠানের